



নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

www.ecs.gov.bd

নির্বাচনী পর্যবেক্ষক সংস্থারূপে তালিকাভুক্তি

নির্বাচন কমিশন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা কতৃক স্থানীয় পর্যবেক্ষকদের জন্য একটি পর্যবেক্ষণ নীতিমালা ও আচরণ বিধি প্রণয়ন করেছে। এ নীতিমালা অনুযায়ী নির্বাচন পর্যবেক্ষণে আগ্রহী সংস্থাকে নির্বাচন পর্যবেক্ষণের জন্য নির্বাচন কমিশনের সাথে তালিকাভুক্ত হতে হবে, যার মেয়াদ এক বৎসরের জন্য বৈধ থাকবে। তালিকাভুক্ত সংস্থা এসময়ের মধ্যে অনুষ্ঠিত সকল নির্বাচন পর্যবেক্ষণ করতে পারবে।

২। আসন্ন জাতীয় সংসদ এবং উপজেলা নির্বাচনসহ আগামী এক বৎসরে অনুষ্ঠিতব্য নির্বাচন পর্যবেক্ষণে আগ্রহী সংস্থাসমূহকে তালিকাভুক্তির জন্য আগামী ২৫ অক্টোবর ২০০৮ তারিখের মধ্যে নির্বাচন কমিশন সচিবালয় বরাবর আবেদন করার জন্য আহ্বান জানানো যাচ্ছে। নির্ধারিত ফরমে পর্যবেক্ষণকারী সংস্থাকে আবেদন করতে হবে। আবেদন ফরম নির্বাচন কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে।

৩। পর্যবেক্ষক সংস্থার যোগ্যতা :

- সংস্থাকে নির্দলীয় ও নিরপেক্ষ হতে হবে;
- সংস্থাকে বাংলাদেশের কোন বিধিবদ্ধ সংস্থার অধীনে আইনানুগভাবে নিবন্ধিত হতে হবে;
- কোন একটি নির্বাচনী এলাকায় সকল ভোটকেন্দ্র পর্যবেক্ষণের সামর্থ্য থাকতে হবে।

৪। পর্যবেক্ষণের অনুমোদনের আবেদনের সাথে নিম্নোক্ত তথ্য/দলিলাদি দাখিল করতে হবে:

- সংস্থার রেজিস্ট্রেশন নম্বর ও বৎসর (নিবন্ধন পত্রের অনুলিপি সহ)
- রেজিস্ট্রেশন প্রদানকারী সংস্থার নাম;
- পর্যবেক্ষণে ইচ্ছুক এলাকাসমূহ (উপজেলা/মেট্রোপলিটন থানা/সংসদীয় আসন);
- পর্যবেক্ষণের ইউনিট ভিত্তিক পর্যবেক্ষক সংখ্যা;
- গভর্নিং বডি/ কার্য-নির্বাহী পরিষদ/পরিচালনা পর্যদ/উপদেষ্টা মণ্ডলীর সদস্যদের নাম-ঠিকানা
- সংস্থার কার্যক্রমের দলিলাদি।

৫। পর্যবেক্ষণের জন্য নির্বাচন কমিশন হতে কোন অর্থায়ন করা হবে না। অনুমতিপ্রাপ্ত সংস্থাকে নিজস্ব অর্থায়নে পর্যবেক্ষণ কাজ সম্পাদন করতে হবে। পর্যবেক্ষণের বিষয়ে যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ অধিশাখায় যোগাযোগ করা যেতে পারে।

এস এম আসাদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা

ফোন- ৮১১৪১৭৬।